

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৯

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ কোন জিনিস সম্পর্কে জানা থাকা সত্বেও প্রশ্ন করা জায়েয, তবে এর দ্বারা উপহাস করা যাবে না

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يَسْأَلَ عَنِ الشَّيْءِ وَهُوَ خَبِيرٌ بِهِ مِنْ غَيْرِ أَنْ يَكُونَ ذَاكَ بِهِ اسْتِهْزَاءً

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا حَوْثَرَةُ بْنُ أَشْرَسَ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَنس بْن مَالِكِ قَالَ:

كَانَ رَسُولُ الله صلى الله عليه وسلم يدخل عَلَيْنَا وَلِي أَخٌ صَغِيرٌ يُكَنَّى أَبَا عُمَيْرٍ فَدَخَلَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ يَوْم فَقَالَ:

(أَبَا عُمَيْرٍ مَا فعل النُّغير؟)

000000

[تعليق الشيخ الألباني]

صحيح _ ((مختصر الشمائل)) (201): ق.

الحديث: 109 ¦ الجزء: 1 ¦ الصفحة: 216

বাংলা

১০৯. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের কাছে আসতেন। আমার এক ছোট ভাই ছিল, যাকে আবু উমাইর উপনামে ডাকা হতো। একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের কাছে আসলেন, অতঃপর বললেনঃ "আবু উমাইর, তোমার ছোউ চড়ুই পাখিটির কী হয়েছে?"[1] [2]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬১২৯, ৬২০৩; সহীহ মুসলিম: ২১৫০; মুসনাদ আহমাদ: ১২১৩৭; আবু দাউদ: ৪৯৬৯;



আস সুনান আত-তিরমিয়ী: ৩৩৩; মুসান্নাফ ইবনু আবি শায়বাহ: ৪০৪২; ইবনু মাজাহ: ৩৭২০; আস সুনান আল কুবরা লিল হাইহাকী: ৯৯৯১, ইমাম বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩৭৭। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুশ শামাইল: ২০১।)

[2] আবু উমাইরের একটি ছোট্ট পাখি ছিল, যা দিয়ে তিনি খেলা করতেন। কিন্তু পাখিটি হঠাৎ মারা যায়, যার ফলে তিনি খুবই বিষন্ন হয়ে পড়েন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এটা জানতে পেরে তার মনোপ্রশান্তির জন্য তার সাথে এরকম বাক্যালাপ করেন।(আদাবুল মুফরাদ: ৮৫৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন